হবিগঞ্জ-১ আসনে মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে বিএনপির মশাল মিছিল



সংগৃহীত ছবি

হবিগঞ্জ-১ আসনের বিএনপির মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে নবীগঞ্জ শহরে বুধবার সন্ধ্যায় মশাল মিছিল অনুষ্ঠিত হয়েছে। শহরের মধ্যবাজার থেকে শুরু হওয়া মিছিলটি নবীগঞ্জ উপজেলার প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে নতুন বাজার মোড়ে গিয়ে সংক্ষিপ্ত পথসভায় মিলিত হয়।

মিছিলের সময় দলীয় নেতাকর্মীরা উল্লাস-উদ্দীপনার সঙ্গে মশাল হাতে এগিয়ে যান। তারা ব্যানার ও প্ল্যাকার্ডে দলীয় মনোনয়ন প্রক্রিয়ার স্বচ্ছতা এবং যোগ্য প্রার্থীকে মনোনয়ন দেয়ার আহ্বান জানায়।

পথসভায় বক্তারা বলেন, “দলের সংকটময় সময়ে সাবেক সংসদ সদস্য শেখ সুজাত মিয়া নেতাকর্মীদের পাশে ছায়ার মতো ছিলেন। কিন্তু দীর্ঘদিনের এই ত্যাগকে উপেক্ষা করে সদ্য বিএনপিতে যোগ দেওয়া ড. রেজা কিবরিয়াকে মনোনয়ন দেওয়া হয়েছে। এটি দলের স্বার্থের বিরুদ্ধ।”

নেতারা আরও যোগ করেন, “মনোনয়ন প্রক্রিয়ায় তৃণমূলের মতামতকে গুরুত্ব দেওয়া উচিত। পারদর্শী ও পরীক্ষিত নেতাকে মনোনয়ন দিলে দলের ঐক্য এবং জনগণের আস্থা বজায় থাকবে।”

মিছিল ও পথসভা থেকে দলের কেন্দ্রীয় নেতৃত্বের প্রতি স্পষ্ট বার্তা দেওয়া হয়, যাতে মনোনয়ন পুনর্বিবেচনা করা হয় এবং দলের সাংগঠনিক নীতির প্রতি সম্মান দেখানো হয়।